

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ২২/০২/২০২৬ খ্রি.

২০২৬ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় প্রাইভেট রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে রাঙ্গামাটি সরকারি কলেজ থেকে ২০২৬ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় (এইচএসসি) প্রাইভেট রেজিস্ট্রেশন করতে অগ্রহী শিক্ষার্থীকে সাদা কাগজে আবেদন, কাগজপত্রাদি ও নির্ধারিত ফি ২২/০২/২০২৬ থেকে ২৪/০২/২০২৬ তারিখের মধ্যে নিম্নোক্ত শর্তাবলী অনুযায়ী অনুসরণ করার জন্য নির্দেশ দেয়া গেল।

১। শর্তাবলী:

(ক) বাংলাদেশের যে কোন স্বীকৃত বোর্ড থেকে এসএসসি পরীক্ষা-২০২১ অথবা তৎপূর্ববর্তী বছরের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৬ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এছাড়া উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে এসএসসি পরীক্ষা-২০২০ অথবা তৎপূর্ববর্তী বছরের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরাও আবেদন করতে পারবে।

(খ) প্রাইভেট শিক্ষার্থীরা ২০২৬ সালের পাঠ্যসূচি অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

(গ) কেবলমাত্র মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় পরীক্ষা দিতে পারবে। তবে যে সকল বিষয়ে (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যতীত) ব্যবহারিক পরীক্ষা আছে, সে সকল বিষয় নেয়া যাবে না। প্রাইভেট শিক্ষার্থীরা চতুর্থ বিষয় নিতে পারবে না।

(ঘ) শিক্ষক, পুলিশ ও প্রতিরক্ষা বাহিনীতে চাকুরীরত ব্যক্তি এবং অন্ধ ব্যক্তি ব্যতীত অন্যান্য সকল পর্যায়ের প্রাইভেট পরীক্ষার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(ঙ) প্রাইভেট শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ও তালিকাভুক্তি ফি বাবদ ২৫০/- (দুই শত পঞ্চাশ) টাকা জমাদানপূর্বক অধ্যক্ষ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি বরাবরে আবেদন ও প্রয়োজনীয় কাগজপত্রাদি দাখিল করতে হবে।

(চ) আবেদন দাখিলের পর আগামী ২৫/০২/২০২৬ খ্রি. তারিখে কলেজে উপস্থিত হয়ে অবশ্যই eSIF পূরণ করতে হবে। eSIF পূরণের সময় টাকা জমাদানের রশিদ ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি সঙ্গে আনতে হবে।

(ছ) যেসকল শিক্ষার্থী ১৯৯৫ সালের আগে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, তাদের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট সংশ্লিষ্ট বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত হতে হবে এবং মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর অপর পৃষ্ঠায় Verified and found correct লেখা থাকতে হবে।

(জ) যেসকল শিক্ষার্থী কারিগরী শিক্ষা বোর্ড এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, তাদের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট সংশ্লিষ্ট বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত হতে হবে এবং মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর অপর পৃষ্ঠায় Verified and found correct লেখা থাকতে হবে।

(ঝ) যেসকল শিক্ষার্থী ১৯৯৯ সালের আগে মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, তাদের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট সংশ্লিষ্ট বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত হতে হবে এবং মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর অপর পৃষ্ঠায় Verified and found correct লেখা থাকতে হবে।

২। আবেদনের সাথে জমা দিতে হবে:

(ক) এসএসসি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট, মূল রেজিস্ট্রেশন কার্ড এবং প্রত্যেকটির ফটোকপি- ২-কপি জমা দিতে হবে;

(খ) পাসপোর্ট সাইজের রঙিন ছবি- ২ কপি;


(গ) ১ম শ্রেণির গেজেটেড অফিসারের নিকট থেকে প্রার্থীর চারিত্রিক প্রত্যয়নপত্র।

(ঘ) শিক্ষক প্রার্থীদের ক্ষেত্রে চাকুরীর মেয়াদ কমপক্ষে ৩(তিন) বছর পূর্ণ হয়েছে মর্মে জেলা শিক্ষা অফিসার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

(ঙ) পুলিশ ও প্রতিরক্ষা বাহিনীর ক্ষেত্রে কমপক্ষে ১ বছর পূর্ণ হয়েছে- মর্মে পুলিশ সুপার/কমান্ডিং অফিসার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।


অধ্যক্ষ ২২/০২/২৬

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা


২২/০২/২৬